



WBCLA

# News Letter

পশ্চিমবঙ্গ কলেজ গ্রন্থাগারিক সমিতির ত্রৈমাসিক মুখপত্র

Vol. IX

January, 1999-December, 1999

No. 1- 4

## সম্পাদকীয়

আমরা, কলেজ গ্রন্থাগারিক সমিতির তরফ থেকে, ন্যূনতম পেশাগত দাবি-দাওয়া আদায়ের জন্য সংশ্লিষ্ট দপ্তরে বিগত বছর গুলোতে রীতি মতো চেষ্টা করেছি। নতুন সহস্রাব্দের শুরুতেও আমাদের দাবীগুলো আদায়ে প্রচেষ্টা অব্যাহত রাখতে হয়েছে। নতুন করে ভাবতে হবে ভবিষ্যতের কর্মসূচী। বেতন ক্রম সংশোধিত হয়েছে, ক্রটিও রয়েছে। কয়েকটি নির্দেশনামা আমাদের অনুকূলে প্রকাশিত হয়েছে, আরোও কতকগুলো প্রকাশিত হওয়া দরকার। কর্মরত গ্রন্থাগারিকদের সমস্যা ছিল, আছে এবং থাকবে। কিন্তু অবসর-প্রাপ্ত গ্রন্থাগারিকদের অবসরকালীন সুবিধা থেকে বঞ্চিত হওয়ার ঘটনা পীড়াদায়ক, লজ্জাকরও বটে। বিশেষ করে ১.১.১৯৯৬ এর আগে অবসর প্রাপ্তদের ক্ষেত্রে, যদিও ১.১.১৯৯৬-এর পরে যাঁরা অবসর গ্রহণ করেছেন তাঁদের কিছুটা সুরাহা হয়েছে। এই ব্যাপারগুলিকে জনগণের সামনে তুলে ধরার জন্য ২০ শে ডিসেম্বর, ১৯৯৯-এ সমিতি আন্দোলনের কর্মসূচী গ্রহণ করে। আশাকরি ফল আশাহত করবে না, অচিরেই সুফল পাওয়া যাবে।

সুনির্দিষ্ট চাকুরীর শর্তাবলী এবং মর্যাদার প্রশ্নে গ্রন্থাগারিকগণ প্রতিকূল পরিস্থিতিতে মানসিক অবসাদ নিয়ে কাজ করে চলেছেন। 'না ঘরকা-না ঘাটকা' পরিস্থিতিতে কলেজে কলেজে মর্যাদাহীন অবস্থায় প্রশাসনের দয়ার উপর নির্ভরশীল প্রায় প্রতিটি ব্যাপারে। প্রতিটি ক্ষেত্রেই। বেশী ব্যাখ্যার প্রয়োজন নেই। সকলেই জানেন। এই অবস্থা চলতে থাকলে উচ্চশিক্ষায় গ্রন্থাগারের এবং গ্রন্থাগারিক পেশার গুরুত্ব হ্রাস পাবে। মূল উদ্দেশ্য গুরুত্বহীন হবেই।

সমিতি, গ্রন্থাগার পেশা, গ্রন্থাগার এবং গ্রন্থাগারিকদের মর্যাদা প্রভৃতির উন্নয়নে যথাযথ প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এ ব্যাপারে সর্বস্তরের গ্রন্থাগারিকদের ঐকান্তিক সাহায্য ও সহযোগিতা অবশ্যই প্রয়োজন। প্রত্যেক গ্রন্থাগারিক বন্ধুদের অনুরোধ জানাই তাঁরা স্ব স্ব কর্মক্ষেত্রে যথাসাধ্য নিজেদের নিয়োজিত রেখে গ্রন্থাগারের মর্যাদা বৃদ্ধির পরিবেশ প্রসারিত করার প্রচেষ্টা যেন অব্যাহত রাখেন।